



## এমেরিকায়ন

মা আপন সন্তানকে স্নেহ করে . . . . সেটাই সাভাবিক; তাই নয় কি?  
প্রত্যহ লেমিনেক্স প্রাতরাশ টেবিলে মায়ের স্নেহের বহিঃপ্রকাশ ঘটে - হরেক রকমের  
চকলেট, সিরিয়াল ও চকলেট ড্রিংকে - তা কি করে একজন ছোট্ট শিশু অসসিকার  
করার দুঃসাহস দেখাবে?

‘শূশ . . . . . চুপ . . . . .’ মায়ের স্তলকায় বিশাল দেহ ছেলেকে শাসন করে  
যখনই নিরুদ্দিষ্ট কোন কিছু হারানোর বেদনা বালককে আহত করে এবং তার কান্না  
আসে।

মা অবশ্যই তাঁর শিশুপুত্রকে ভালবাসে . . . . . কিন্তু তাই বলে তো ছেলেকে বাড়ীর  
বাইরে যেতে দেয়া যায় না।  
‘রাস্তাঘাট সবর্ত্র বিরাজ করছে নোংরা গাড়ীঘোড়া এবং কদাকার পুরুষেরা,’  
মা (কানে কানে) বালককে জানায় এবং প্লাষ্টিকের প্রকালন পাত্রে ছেলেকে বসিয়ে  
দেয়।

বালকের চোখ দুটি গোল হয়ে আসে, তার পাকস্তলি মোচড় দিয়ে উঠে  
সে সুবোধ বালক হবার আপ্রাণ চেষ্টা চালায়।  
কিন্তু হয়! চাইলেই সুবোধ বালক হওয়া যায় না -  
তার জন্য চাই অনেক অনেক দিনের ট্রেনিং . . . . .

‘আজ’, মাথায় রোদ-টুপি চড়িয়ে মা ছেলেকে জানায়  
(মা একজন অঙ্কমকে পরিচর্যা করতে যাচ্ছে যা রূপকাথে  
এই পৃথিবী)  
‘আজ সত্যি সত্যি তোমাকে মায়ের জিনিস নিয়ে খেলতে দেব।’

খেলনা গুলো বালকের কুদ্র জীবন-পরিক্রমার সাক্ষ্য বহন করে;  
‘মায়ের জিনিস! এর সাথে কিসের তুলনা!’

বাবা-কামরার মেঝেতে একটা কাগজের বাক্সে ঠাসা  
মায়ের দুনিয়ার জিনিসপত্রের সমাহার  
পেপসিকলার বিজ্ঞাপনকন্যা থেকে শুরু করে রাজ্যের সামগ্রী - - -  
(১ সজীব চিন্তা, বৃহৎ চিন্তা, সেহেতু আমি ১ জন)  
চুইং-গাম, হটডগস, বিদুৎত্বিক-মগজ

একজন অতি সাধারণ শিশুর এর চেয়ে বেশী কি চাওয়ার আছে?

দুপুর গড়িয়ে বিকেল, বিকেল গড়িয়ে সন্ধ্যা  
বালক একা একা খেলেই যায়,  
নীচে গাড়ীর আওয়াজ সে শুনতে পায়, শিশুদের কোলাহল সে শুনতে পায় - বাড়ীর  
বাইরে  
শিশুরা চেচামেচি ছুটাছুটি করছে

রাস্তায় (নিশ্চয়ই অনেক আনন্দ)  
ছোটখাট বাবা-কামরায় অন্ধকার হয়ে আসছে  
ভয়ের অন্ধকারে সে শুনতে পায় . . . . .  
কি সে শুনতে পায়?

ঐ যে পায়ের আওয়াজ এগিয়ে আসছে . . . . .  
সহসা বালকের যুক্তিবুদ্ধি তাকে ভীত করে  
ভেলভেট-কারপেটের উপর দিয়ে হেটে আসছে . . . . .

দরজার হাঁতল ঘুরল, বালক দেখতে পায় মায়ের প্রকাণ্ড  
হাতীসদৃশ শরীর এগিয়ে আসছে --- ---  
সে পালাবার চেষ্টা করে; কিন্তু মায়ের বীশাল হাত তাকে ধরে ফেলে - - -  
মা ছেলেকে স্নেহ করে - - - এবং এই ভীতিকর সত্যটুকু প্রকট হয়ে প্রতিভাত হয়!

Bruce Dowe এর Americanisation এর  
অনুবাদ  
এমেরিকায়ন  
অনুবাদকঃ ডঃ খায়রুল হক চৌধুরী।

অনুবাদের স্থান ও কালঃ এমবারভেইল - ৯ সেপ্টেম্বর ২০১০।